67

দৈনিক জনকণ্ঠ

তারিখ 02 AUG 1998
পৃষ্ঠা 28 কলাম 5

# উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে শিক্ষার সুযোগ

## কোর্সগুলোর বিবরণ ॥ ভর্তি শর্ত ॥ অন্যান্য তথ্য

মেজবাহ উদ্দিন তুহিন

সারা দেশে রয়েছে উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি) ক্যাম্পাস। সমাজের সকল স্তরের লোকের জন্য দ্বার উন্মুক্ত। বিভিন্ন সময়ে যাঁরা নানাবিধ কারণে লেখাপড়া থেকে দূরে সরে গেছেন তাঁরা সহজেই ফিরে পেতে পারেন তাঁদের শিক্ষাজীবন বাউবির বিভিন্ন প্রোগ্রাম ও কোর্সের মাধ্যমে। অজপাড়াগাঁয়ের একজন গৃহবধূ থেকে শুরু করে বৃদ্ধ-বৃদ্ধা, যুবক-যুবতী, বিভিন্ন পেশাজীবী সকলেই বাউবির এসব প্রোগ্রামে ভর্তি হয়ে নিজের জীবনকে ঢেলে সাজাতে পারেন। বেকার যুবক-যুবতীরা বাউবির বিভিন্ন টেকনিক্যাল প্রোগ্রামের মাধ্যমে নিজেদেরকে সহজেই দক্ষ করে গড়ে তুলতে পারেন।

**বিভিন্ন প্রোগ্রাম ও কোর্স :** বাউবির ছয়টি স্কুলের অধীনে বর্তমানে ১০টি প্রোগ্রাম কোর্স চালু রয়েছে। জুলাই মাস থেকে আরও নতুন ৬টি কোর্স চালু হচ্ছে। আরও নতুন ৩টি প্রোগ্রাম ও কোর্স এ বছরের মধ্যেই চালু হবে।

**ওপেন স্কুল :** ওপেন স্কুলের অধীনে বর্তমানে ১টি কোর্স এসএসসি চালু আছে। এই কোর্সে ভর্তির যোগ্যতা ন্যূনতম অষ্টম শ্রেণী পাস। এটি দু'বছরের কোর্স এবং বছরের প্রথমদিকে একবার ভর্তির জন্য দরখাস্ত আহ্বান করা হয়। এই স্কুলের অধীনে জুলাই মাস থেকে এইচএসসি প্রোগ্রাম চালু হচ্ছে। এটিও দু'বছরের কোর্স। ভর্তির যোগ্যতা এসএসসি বা সমমান।

**স্কুল অব এডুকেশন :** বর্তমানে সিএড ও বিএড এই দুটো প্রোগ্রাম চালু আছে। সিএড প্রোগ্রামে ভর্তির যোগ্যতা শিক্ষক শিক্ষিকাদের জন্য এসএসসি পাস। শিক্ষক নন এমন মহিলা প্রার্থীদের জন্য দ্বিতীয় বিভাগে এসএসসি পাস এবং পুরুষ প্রার্থীদের জন্য একটি দ্বিতীয় বিভাগসহ এইচএসসি পাস। এটি দেড় বছরের কোর্স। বছরে একবার মে-জুন মাসে ভর্তির জন্য দরখাস্ত আহ্বান করা হয়। বিএড কোর্সে ভর্তির যোগ্যতা স্নাতক বা সমমানের পরীক্ষায় পাস। এটি দু'বছরের কোর্স। বছরে একবার মে-জুন মাসে ভর্তির জন্য দরখাস্ত আহ্বান করা হয়। এই স্কুল থেকে এ বছরের জুলাই মাসে এমএড প্রোগ্রামে ভর্তির জন্য দরখাস্ত আহ্বান করা হবে বলে জানা গেছে।

**স্কুল অব বিজনেস :** দু'টি কোর্স—সার্টিফিকেট ইন ম্যানেজমেন্ট ও গ্রাজুয়েট ডিপ্লোমা ইন ম্যানেজমেন্ট। সার্টিফিকেট ইন ম্যানেজমেন্ট কোর্সে ভর্তির জন্য যোগ্যতা এসএসসি বা সমমান পরীক্ষায় পাস। এটি ৬ মাসের কোর্স। বছরে দু'বার ফেব্রুয়ারি ও আগস্ট মাসে ভর্তির জন্য দরখাস্ত আহ্বান করা হয়। গ্রাজুয়েট ডিপ্লোমা ইন ম্যানেজমেন্ট প্রোগ্রামে ভর্তির যোগ্যতা ৯ পয়েন্টসহ ন্যূনতম স্নাতক/সমমান পাস। এই প্রোগ্রামের জন্যও বছরে দু'বার ফেব্রুয়ারি ও আগস্ট মাসে ভর্তির জন্য দরখাস্ত আহ্বান করা হয়। এই স্কুল থেকে এ বছরই এমবিএ প্রোগ্রাম চালু হবে বলে জানা গেছে। এই প্রোগ্রামে ভর্তির যোগ্যতা ন্যূনতম ১২ পয়েন্টসহ স্নাতক পাস।

**স্কুল অব এগ্রিকালচার :** বর্তমানে একটি প্রোগ্রাম ব্যাচেলর অব এগ্রিকালচার এডুকেশন (বিএগএড) চালু আছে। এই প্রোগ্রামে ভর্তির যোগ্যতা ন্যূনতম এইচএসসি (বিজ্ঞান/কৃষি) অথবা তিনবছর মেয়াদী ডিপ্লোমা ইন এগ্রিকালচার পাস। এটি তিন বছরের কোর্স। বছরে দু'বার ডিসেম্বর ও জুন মাসে ভর্তির জন্য দরখাস্ত আহ্বান করা হয়। এই স্কুল থেকে এ বছরের জুলাই মাসে দু'টি নতুন কোর্স সার্টিফিকেট ইন লাইভস্টক এ্যান্ড পোলট্রি ও সার্টিফিকেট ইন পিসি কালচার এ্যান্ড ফিস প্রসেসিং চালুর জন্য দরখাস্ত আহ্বান করা হবে বলে জানা গেছে। কোর্স দুটির ভর্তির যোগ্যতা নির্ধারণ করা হয়েছে এসএসসি/সমমান (বিজ্ঞান/কৃষি) পাস। ৬ মাস মেয়াদী কোর্স দু'টির জন্য বছরে দু'বার জুন/জুলাই ও ডিসেম্বর মাসে ভর্তির জন্য দরখাস্ত আহ্বান করা হবে বলে কর্তৃপক্ষ সূত্রে জানা গেছে। এছাড়া এই স্কুল থেকে এ বছরে ডিপ্লোমা ইন ইয়ুথ ডেভেলপমেন্ট নামে একটি সম্পূর্ণ ব্যতিক্রমধর্মী কোর্স চালু হবে বলে জানা গেছে। ন্যূনতম স্নাতক পাস প্রার্থীগণ এই কোর্সে ভর্তির জন্য আবেদন করতে পারবেন বলে কর্তৃপক্ষ সূত্রে জানা যায়।

**স্কুল অব সোস্যাল সায়েন্স হিউম্যানিটিজ এ্যান্ড ল্যাংগুয়েজ :** এই স্কুলের অধীনে সার্টিফিকেট ইন ইংলিশ ল্যাংগুয়েজ প্রফিসেন্সি (সেলপ), সার্টিফিকেট ইন এরাবিক ল্যাংগুয়েজ প্রফিসেন্সি (ক্যালপ) এবং ব্যাচেলর ইন ইংলিশ ল্যাংগুয়েজ টিচিং (বেল্ট) প্রোগ্রাম চালু আছে। সেলপ ও ক্যালপ প্রোগ্রামে ভর্তির যোগ্যতা এসএসসি/সমমান পাস। দুটিই ছয় মাসের কোর্স এবং বছরে দু'বার জুন ও ডিসেম্বরে ভর্তির জন্য দরখাস্ত আহ্বান করা হয়। বেল্ট প্রোগ্রামে ভর্তির যোগ্যতা স্নাতক/সমমান। এটি দু'বছরের কোর্স; বছরে একবার মে-জুন মাসে ভর্তির জন্য দরখাস্ত আহ্বান করা হয়। এই স্কুল থেকে এবছরেই আরও দুটো নতুন কোর্স ব্যাচেলর অব আর্টস (বিএ) এবং ডিপ্লোমা ইন ওমেন স্টাডিজ চালু হবে বলে জানা গেছে।

**স্কুল অব সায়েন্স এ্যান্ড টেকনোলজি :** এই স্কুলের অধীনে ডিপ্লোমা ইন কম্পিউটার এপ্লিকেশন নামক একটি কোর্স চালু আছে। এই কোর্সে ভর্তির যোগ্যতা এইচএসসি /এ লেবেল/সমমান। এটি দেড় বছরের কোর্স। বছরে একবার জানুয়ারি মাসে ভর্তির জন্য দরখাস্ত আহ্বান করা হয়। এ বছরের জুলাই মাস থেকে বিএসসি ইন নার্সিং প্রোগ্রাম চালু হচ্ছে বলে জানা গেছে। এই কোর্সে ভর্তির যোগ্যতা নির্ধারণ করা হয়েছে ডিপ্লোমা ইন নার্সিংসহ তিন বছরের বাস্তব অভিজ্ঞতা। এটি ৩-৫ বছরের কোর্স।